যুগান্তর

তারিখ ... 04. APR. 2015 ...
পৃষ্ঠা ১৮ ... কলাম ... ৭ ......

# লোহাগড়ায় স্কুল সভাপতি আ'লীগ নেতা গ্রেফতার

**লোহাগড়া (নড়াইল) প্রতিনিধি**

উপজেলার ইতনা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের একটি পুরাতন দ্বিতল ভবন ভেঙে নেয়ার অভিযোগে বৃহস্পতিবার সন্ধ্যায় ওই বিদ্যালয়ের সভাপতি ও আওয়ামী লীগ নেতা নাজমুল হাসান টগরকে আটক করেছে পুলিশ।

শুক্রবার সকালে তাকে জেলহাজতে পাঠানো হয়েছে। পুলিশ ও দায়েরকৃত মামলা সূত্রে জানা গেছে, উপজেলার ১২৯নং ইতনা মৌজায় এসএ ৮২৫ ও ৯৪০নং খতিয়ানভুক্ত ৪৬২নং দাগের ৯২ শতক জমি ক তফসিলভুক্ত সরকারি সম্পত্তি। জমির ওপর একটি পুরাতন দ্বিতল ভবন রয়েছে, যা ইতনা মাধ্যমিক বালিকা বিদ্যালয় কর্তৃপক্ষ দীর্ঘদিন ধরে বিদ্যালয়ের কাজে ব্যবহার করে আসছে। অথচ সরকারি অনুমোদন না নিয়ে ইতনা গ্রামের মৃতঃ কামরুজ্জামানের ছেলে ও ওই বিদ্যালয়ের সভাপতি আওয়ামী লীগ নেতা নাজমুল হাসান টগরের নেতৃত্বে ২০-২৫ জন শ্রমিক বুধবার ওই ভবনের ২৮টি দরজা, ৩১টি জানালাসহ প্রায় ১২ লাখ টাকার মালামাল লুট করে নিয়ে যায়। খবর পেয়ে ইতনা ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা মো. হায়দার আলী বৃহস্পতিবার সকালে সরেজমিনে গিয়ে ভবন ভাঙার কাজে বাধা দেন এবং এ ঘটনায় তিনি বৃহস্পতিবার বিকালেই বাদী হয়ে নাজমুল হাসান টগরসহ ২০-২৫ জন অজ্ঞাতনামা শ্রমিককে আসামি করে লোহাগড়া থানায় সরকারি সম্পত্তি আত্মসাতের অভিযোগে একটি মামলা দায়ের করেন।